দৈনিক সংবাদ

১৬৩

তারিখ ... ... MAR. 0 8 2000
পৃষ্ঠা ... কলাম ...

নকলপ্রবণ পরীক্ষাকেন্দ্রগুলো বাতিলের সিদ্ধান্ত

❑ রাজনৈতিক ও সামাজিক শক্তির সহযোগিতা ছাড়া নকল রোধ সম্ভব নয় ঃ শিক্ষামন্ত্রী

রাশেদ আহমেদ ঃ চলতি বছর এসএসসি পরীক্ষায় নকল প্রভাবিত পরীক্ষা কেন্দ্রগুলো বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

৫টি শিক্ষা বোর্ডের নকলপ্রবণ পরীক্ষা কেন্দ্রগুলোর তালিকা তৈরি হচ্ছে। তাৎক্ষণিক পদক্ষেপ হিসেবে ঢাকা ও কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন ১৩টি কেন্দ্রের বিরুদ্ধে শোকজ নোটিশ এবং চট্টগ্রাম ও রাজশাহী বোর্ডের ২টি কেন্দ্র স্থগিত করা হয়েছে। সাতক্ষীরার কলারোয়া পরীক্ষা কেন্দ্রের মর্মান্তিক ঘটনার ক্ষতিপূরণ দেয়া হবে। প্রকৃত ঘটনা উদঘাটনের জন্য শিক্ষা মন্ত্রণালয় ৩টি পৃথক তদন্ত কমিটি গঠন করেছে। খবর শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড সূত্রের।

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক গতকাল 'সংবাদ'কে বলেন, পরীক্ষায় নকল হচ্ছে না এ কথা আমি বলি না। রাজনৈতিক ও সামাজিক সহযোগিতা ছাড়া নকল রোধ সম্ভব নয়। তবে এবার পরীক্ষা অনেক কড়াকড়ি হচ্ছে, এর প্রমাণ অধিকসংখ্যক পরীক্ষার্থীর বহিষ্কার হওয়া। গত তিন বছরে পরীক্ষায় যত না বহিষ্কার হয়েছে এবার প্রথম ৪টি বিষয়ের পরীক্ষায়ই বহিষ্কারের সংখ্যা তার চেয়ে বেশি।

তিনি বলেন, গত বছর নকলের দায়ে যেসব কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছিল তা সব বাস্তবায়ন করা গেলে নকল অনেকটা কমে যেত। এবার আমি দৃঢ়প্রতিজ্ঞ কাউকে ছাড়া হবে না, যে কেন্দ্রগুলো বাতিল হবে তা পুনর্বহাল করা হবে না। রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার করব না।

মন্ত্রী বলেন, নকল আধিক্য পরীক্ষা কেন্দ্রগুলোর তালিকা তৈরি হচ্ছে।

পরীক্ষা কেন্দ্র ঃ পৃঃ ২ কঃ ৪

পরীক্ষাকেন্দ্র ঃ বাতিল

(১ম পৃষ্ঠার পর)

সংবাদপত্রের খবর ও চিত্র কাটিং করে রেখেছি। পরীক্ষা শেষ হলে এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

সাতক্ষীরার কলারোয়া পরীক্ষা কেন্দ্রের ঘটনাটিকে অত্যন্ত মর্মান্তিক ও হৃদয়বিদারক হিসেবে উল্লেখ করে মন্ত্রী বলেন, ঐ ঘটনায় যুগিখালি হাইস্কুলের নিহত শিক্ষিকা ফজিলা খাতুনের পরিবারকে ১ লাখ টাকা ক্ষতিপূরণ দেয়ার সিদ্ধান্ত নিয়েছি। ঐ ঘটনার প্রকৃত তথ্য উদঘাটনের জন্য পৃথকভাবে ৩টি তদন্ত কমিটি গঠন করে দেয়া হয়েছে। তদন্ত রিপোর্ট পেলে আসল ঘটনা জানতে পাব। তখন প্রকৃত ব্যবস্থা নেয়া সহজ হবে। হঠাৎগঞ্জ হাইস্কুলের মেধাবী ছাত্রী নিহত শামসুন্নাহার লিপির পরিবারের বিষয়ে এখনো কোন সিদ্ধান্ত নিইনি। পরীক্ষা কেন্দ্রে ঢুকতে বখাটে ছেলেদের হাতে লিপি লাঞ্ছিত হয়। তাকে রক্ষা করতে গিয়ে নিহত হন শিক্ষিকাসহ আরো ৩ জন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. শরিফুল ইসলাম গতকাল 'সংবাদ'কে বলেন, নকলের দায়ে অভিযুক্ত ঢাকা বোর্ডের অধীন ১০টি পরীক্ষা কেন্দ্রের বিরুদ্ধে শোকজ নোটিশ ইস্যু করা হয়েছে। এ কেন্দ্রগুলো হচ্ছে– শেরপুর জেলার ত্রিবরদী, মানিকগঞ্জের ধামরাই, ঢাকা-সাভার, নরসিংদীর শিবপুর, গাজিপুরের কাপাসিয়া, কিশোরগঞ্জের কটিয়াদী, মুন্সিগঞ্জের ভবেরচর, মানিকগঞ্জের দৌলতপুর, ত্রিশালের দরিরামপুর ও সরিষাবাড়ি।

কুমিল্লা শিক্ষা বোর্ড জানিয়েছে, তারা নকলের জন্য তিনটি পরীক্ষা কেন্দ্রকে সতর্ক করে চিঠি দিয়েছে। এ কেন্দ্র তিনটি হচ্ছে– চান্দিনা ফিরোজা খাতুন উচ্চ বিদ্যালয়, দাউদকান্দির আদর্শ উচ্চ বিদ্যালয় ও চৌদ্দগ্রাম এইচজে পাইলট হাইস্কুল।

চট্টগ্রাম বোর্ড জানিয়েছে, রাঙ্গামাটি জেলায় জুড়াছড়ি ভবনজয় উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র স্থগিত করা হয়েছে প্রথম দিনের পরীক্ষায় ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হওয়ার জন্য। রাজশাহী বোর্ডের দিনাজপুর জেলার চিরিরবন্দর পাইলট হাইস্কুল কেন্দ্রে নকল নিয়ে দু'পক্ষের মারামারির ঘটনা ঘটায় কেন্দ্রটি স্থগিত করা হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ৫টি শিক্ষা বোর্ডের